



যশোর পৌরসভা কার্যালয়
মুন্সি মেহেরুল্লাহ সড়ক, যশোর
স্থাপিত : ১৮৬৪ খ্রীঃ।
www.jessorepaurashava.org

স্মারক নং- ৪৪.৪১.০২.১৬.০১.০০১.০৬৫.২৪.১২

তারিখ : ০১/১০/২০২৪ইং।


একটি বিশেষ ঘোষণা

একটি বিশেষ ঘোষণা

সম্মানিত পৌরবাসীকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারা দেশের ন্যায় যশোর শহরেও ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এজন্য যশোর পৌরসভার পক্ষ থেকে ডেঙ্গু প্রতিরোধে ১৫ দিন ব্যাপী বিশেষ মশক নিধন অভিযান শুরু হয়েছে। এ সময় আপনাদের সহযোগীতা একান্ত কাম্য। ডেঙ্গু প্রতিরোধে আপনি আপনার বাড়ির আঙ্গিনা ঝোপঝাড় মুক্ত রাখুন, নিয়মিত ফ্রিজ ও এসির পানি পরিষ্কার করুন। ফুলের টব, ভাংগা পাত্র, ডাবের খোলা, প্রাণ্টিকের বোতল, গাড়ীর টায়ার ইত্যাদিতে পানি জমে না থাকে তা খেয়াল রাখুন এবং ঘুমানোর পূর্বে মশারি টাঙ্গিয়ে নিন।

এছাড়াও শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার স্বার্থে আপনার বাসাবাড়ি, দোকান অথবা ব্যানিজিক প্রতিষ্ঠানের ময়লা আবর্জনা সকাল ০৯.০০ ঘটিকা হতে সন্ধ্যা ০৬.০০ ঘটিকা পর্যন্ত ফেলা যাবে না। আপনার নিকটস্থ পৌরসভার নির্ধারিত ডাষ্টবিনে সন্ধ্যা ০৬.০০ ঘটিকা হতে পরের দিন সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে ফেলার জন্য অনুরোধ করা হলো। মনে রাখবেন পৌরসভার পাশাপাশি প্রাণের এ যশোর শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা আপনার আমার সকলের একান্ত দায়িত্ব ও কর্তব্য।

ঘোষণাটি যশোর পৌরসভা কর্তৃক প্রচারিত হলো।



প্রশাসক
যশোর পৌরসভা।